অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/27/2021 **গভর্নর ক্যাথি হোকল**

কোভিড-19 এর টিকা সংক্রান্ত ভুল তথ্য মোকাবেলার জন্য গভর্নর হোকলের #GETTHEVAXFACTS ক্যাম্পেইন চালুর ঘোষণা

ভুল তথ্য প্রতিরোধে সত্য উন্মোচন করা এবং যেসব তথ্য আমরা গ্রহণ করি, শেয়ার করি এবং যেসব তথ্যের ভিত্তিতে কাজ করি সেগুলো সম্পর্কে অধিকতর সুস্থ সিদ্ধান্ত গ্রহণের উপায় সম্পর্কে নিউ ইয়র্কবাসীদেরকে শিক্ষিত করে তোলাই এই প্রচেষ্টার উদ্দেশ্য

ভ্যাকসিন অ্যাম্বাসেডর ও জনসাধারণকে তাদের কমিউনিটি ও নেটওয়ার্কে ভুল তথ্যের বিরুদ্ধে লড়াই করার জন্য তাদেরকে সংস্থানসমূহ প্রদান করে

নতুন কর্মসূচিতে একটি নিবেদিত মাইক্রোসাইট ও ডাউনলোডযোগ্য টুলকিট অন্তর্ভুক্ত রয়েছে

কোভিড-19 এর টিকা সংক্রান্ত ভুল তথ্যের বিরুদ্ধে লড়াইয়ের উদ্দেশ্যে গভর্নর ক্যাথি হোকল আজ অনলাইনে একটি নতুন কর্মসূচি—#GetTheVaxFacts—ঘোষণা করেছেন। এই ক্যাম্পেইনে কোভিড-19 এর টিকা সম্পর্কিত সবচেয়ে বেশি উদ্বেগজনক ভুল তথ্যগুলো পুরোপুরিভাবে ও সহজে বোধগম্য হয় এমন উপায়ে মোকাবেলা করার জন্য একটি সুনির্দিষ্ট ওয়েবসাইটের পাশাপাশি ডাউনলোডযোগ্য টুলকিট অন্তর্ভুক্ত রয়েছে। এই নতুন সংস্থানগুলো গর্ভধারণ ও অনুর্বরতা, পার্শ্বপ্রতিক্রিয়া, নিরাপত্তা ও গতি, এবং এসবের পাশাপাশি সোশ্যাল মিডিয়া ও ডিজিটাল ফোরামগুলোতে ছড়িয়ে পড়তে থাকা কথিত সরকারি ষড়যন্ত্র সংক্রান্ত মতবাদ, ইত্যাদি সম্পর্কিত ভুল তথ্য মোকাবেলায় কাজ করবে।

"নিউ ইয়র্কের প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের 86 শতাংশেরও বেশি ব্যক্তি টিকার কমপক্ষে একটি ডোজ গ্রহণ করার মধ্য দিয়ে আমরা লোকজনকে টিকা দেয়ার ক্ষেত্রে অসাধারণ অগ্রগতি অর্জন করেছি - কিন্তু এখনো আরো অনেক কাজ বাকি রয়ে গেছে," **বলেছেন গভর্নর হোকল।** "ভুল তথ্য ক্ষতিকর ও বিপজ্জনক, বিশেষ করে টিকা গ্রহণ করা নিয়ে দ্বিধাগ্রস্ত অবস্থায় রয়েছেন এমন নিউ ইয়র্কবাসীদের জন্য, এবং মানুষ যাতে টিকা সম্পর্কে প্রকৃত তথ্য জানতে পারে: যে সেগুলো নিরাপদ, কার্যকর, ও বিনামূল্যে পাওয়া যায় তা নিশ্চিত করতে আমরা সব পর্যায়ে ভুল তথ্যের বিরুদ্ধে লড়াই করে যাচ্ছি। আমি সব নিউ ইয়র্কবাসীর প্রতি তাদের কমিউনিটিকে টিকা সংক্রান্ত প্রকৃত তথ্য জানতে সাহায্য করার দায়িত্ব পালনের জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি—

যাতে প্রত্যেকে এই বিপজ্জনক ভাইরাস থেকে নিজেদের রক্ষা করতে অবহিত সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন।"

নতুন ওয়েবসাইট ও রিসোর্স লাইব্রেরি, যা নিউ ইয়র্কবাসীদের ব্যবহারের জন্য বিষয়ভিত্তিকভাবে সাজানো থাকবে, এর পাশাপাশি স্টেট টিকা সম্পর্কে নির্ভুল তথ্যের সন্ধান করতে থাকা জনগোষ্ঠীর কাছে পৌঁছানোর ক্ষেত্রে সাহায্য করতে ডিজিটাল বিজ্ঞাপন দেয়ার ব্যবস্থাও চালু করবে।

এই নতুন টুলকিট, যেখানে আলোচনার নির্দেশিকা, বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি ও উত্তরসমূহ, সেইসাথে সোশ্যাল মিডিয়ার ক্যাপশন ও গ্রাফিক্স, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে, নিউ ইয়র্কবাসীদের বিশ্বস্ত, নির্ভরযোগ্য তথ্য খুঁজে নেয়া ও শেয়ার করার একটি নতুন জায়গা করে দিতে সাহায্য করবে। এছাড়াও নতুন সাইট ও ক্যাম্পেইনের মধ্যে কিভাবে মন্দ লোকদের কাছ থেকে আসা অবিশ্বস্ত কন্টেন্ট চিহ্নিত করতে হয় এবং উত্তেজনাপূর্ণ ও ভুল পোস্ট পুনরায় শেয়ার করার আগে বিবেচ্য বিষয়গুলো জানতে হয় সে বিষয়ে নিউ ইয়র্কবাসীদেরকে সাহায্য করার জন্য শিক্ষা অন্তর্ভুক্ত থাকবে। স্বাস্থ্য বিভাগ (Department of Health) একাধিক ভাষায় উপাদানগুলো প্রদান করার জন্য কমিউনিটি সংস্থাগুলোর সাথে অংশীদারিত্ব গড়ে তুলবে।

ভুল তথ্য ছড়িয়ে পড়া মোকাবেলায় আপনি যে 4টি পদক্ষেপ গ্রহণ করতে পারেন:

1. **শেয়ার করার আগে যাচাই করুন।** সোশ্যাল মিডিয়ায় কিছু শেয়ার করার আগে তথ্যের মূল উৎস বিশ্বাসযোগ্য কিনা যাচাই করুন। যদি আপনি অনিশ্চিত হন, তাহলে এটি শেয়ার করা নিরাপদ নাও হতে পারে।
2. **উত্তেজনাপূর্ণ শিরোনাম ও ছবির ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করুন।** ভুল তথ্য প্রায় ক্ষেত্রেই আপনার মনোযোগ আকৃষ্ট করার জন্য নকশাকৃত উত্তেজনাপূর্ণ বা চমকে দেয়ার মতো লেখা বা ছবির সাথে আসে - সঠিক তথ্য প্রায় ক্ষেত্রেই অপেক্ষাকৃত কম উত্তেজনাপূর্ণ হয়ে থাকে।
3. **সম্পূর্ণ ঘটনা জানুন**। ভুল তথ্য প্রায় ক্ষেত্রেই আপনাকে ভুল পথে চালিত করা অথবা আতঙ্কিত করার উদ্দেশ্যে কোনো ঘটনার একটি ছোট অংশকে "বেছে নেয়" অথবা প্রচার করে। কোনো একটি কন্টেন্টের পিছনের পুরো ঘটনা ও প্রসঙ্গ জানার চেষ্টা করুন। আপনি যে তথ্যটি সম্পর্কে অনিশ্চিত সেটি আপনার আস্থা রয়েছে এমন তথ্যের উৎসগুলোও অবহিত করছে কিনা যাচাই করার মাধ্যমে আপনি এটা করতে পারেন।
4. **আপনার কমিউনিটিতে আস্থাভাজন উৎসগুলো সম্পর্কে প্রচার করুন।** বিশ্বস্ত উৎস থেকে সঠিক তথ্য শেয়ার করার মাধ্যমে আপনার কমিউনিটিতে ভালো তথ্য ছড়িয়ে দিতে সাহায্য করুন। যখন ভালো, প্রকৃত সত্য ভিত্তিক তথ্যের ঘাটতি থাকে তখন ভুল তথ্য দ্রুত ছড়িয়ে পড়ে।

যুক্তরাষ্ট্রের সার্জন জেনারেল ড. ভিভেক মুর্তি, যিনি এ বছরের শুরুতে একটি স্বাস্থ্য সংক্রান্ত ভুল তথ্যের বিষয়ে পরামর্শ প্রকাশ করেছেন তিনি বলেছেন, "স্বাস্থ্য সংক্রান্ত ভুল তথ্য জনস্বাস্থ্যের জন্য একটি আশু হুমকি, বিশেষ করে যখন আমরা শীঘ্রই কোভিড-19 এর টিকা পাওয়ার উপযুক্ত হতে পারে এমন শিশুদের বাবা-মায়ের কাছে পৌঁছানো শুরু করছি। স্বাস্থ্য

সংক্রান্ত ভুল তথ্যের বিস্তার সীমিত করার ক্ষেত্রে আমাদের সবাইকে ভূমিকা পালন করতে হবে, এবং আমি কৃতজ্ঞ যে গভর্নর হোকল ও নিউ ইয়র্ক স্টেট টিকা সংক্রান্ত ভুল তথ্য মোকাবেলায় স্বতস্ফূর্তভাবে কাজ করছে। নিজেদেরকে ও আমাদের প্রিয়জনদের সুরক্ষিত রাখতে আমাদের সবার কাছে সঠিক, বিজ্ঞান-ভিত্তিক তথ্যের অ্যাক্সেস থাকা নিশ্চিত করতে এধরনের সাহসী পদক্ষেপই আমাদের প্রয়োজন।"

নিউ ইয়র্ক স্টেটের চিফ টেকনোলজি অফিসার ও ডেপুটি চিফ ইনফরমেশন অফিসার, রাজিভ রাও বলেন, "অনলাইনে কোভিড-19 এর টিকা সম্পর্কিত ভুল ও সাজানো তথ্য এমন রূপে ছড়িয়ে পড়া অব্যাহত রয়েছে যেগুলো শনাক্ত করা কঠিন, দ্রুত বর্ধিত হতে থাকে, এবং জনস্বাস্থ্যের জন্য নেতিবাচক পরিণতির কারণ হতে পারে। গভর্নর হোকলের #GetTheVaxFacts কর্মসূচি নতুন মাধ্যম ও বার্তা প্রদান করার মাধ্যমে ভুল তথ্যকে গোড়া থেকে মোকাবেলা করতে সাহায্য করবে, যাতে নিউ ইয়র্কবাসীরা সঠিক তথ্যের অ্যাক্সেস পান এবং প্রকৃত তথ্য শেয়ার করার সাথে যোগ দিতে পারেন। সোশ্যাল মিডিয়ায় আমাদের দেখতে পাওয়া ও শেয়ার করা তথ্য সম্পর্কে সুস্থ সিদ্ধান্ত গ্রহণের জন্য সময় দিতে আমি সব নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক সিটি হেলথ + হসপিটালস (New York City Health + Hospitals)-এর চিফ উইমেন'স হেলথ সার্ভিসেস অফিসার, ড. উইন্ডি উইলকক্স বলেন, "একজন অবস্টেট্রিশিয়ান-গাইনোকোলজিস্ট হিসেবে আমি কোভিড-19 এর টিকা সম্পর্কে বিশেষ করে উর্বরতা ও গর্ভধারণ সম্পর্কে অনলাইনে ছড়িয়ে পড়া ভুল তথ্যের কারণে চরমভাবে বিক্ষুব্ধ হয়েছি। এই টিকা নিরাপদ ও কার্যকর। আমরা সব গর্ভবতী ব্যক্তিকে টিকা গ্রহণ করতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। কোভিড-19 গর্ভবতী ব্যক্তিদেরকে গুরুতর জটিলতা, যেমন সময়ের আগেই প্রসব হয়ে যাওয়া অথবা ইন্টেনসিভ কেয়ার ইউনিটে (ICU) ভর্তির প্রয়োজন হওয়ার বর্ধিত ঝুঁকির সম্মুখীন করে। আমরা সবাইকে এটাও মনে করিয়ে দিচ্ছি যে টিকা উর্বরতাকে প্রভাবিত করে না। এগুলো হলো লোকমুখে প্রচলিত কথা যেগুলোর মোকাবেলা সত্য তথ্য দিয়ে করাটা গুরুত্বপূর্ণ, এবং আমরা সব নিউ ইয়র্কবাসীকে #GetTheVaxFacts এর দিকে আহ্বান জানাচ্ছি।"

FPWA-এর CEO ও এক্সিকিউটিভ ডিরেক্টর, জেনিফার জোনস অস্টিন বলেন, "আমাদের স্টেটজুড়ে দ্রুত গতিতে ভুল তথ্য ছড়িয়ে পড়াকে রুখে দেয়ার উদ্দেশ্যে গভর্নর হোকলের #GetTheVaxFacts কর্মসূচিকে আমরা সাধুবাদ জানাই। আমরা বিশ্বাস করি নিউ ইয়র্কবাসীদের নিজেদের স্বাস্থ্য সম্পর্কে ভালো সিদ্ধান্ত গ্রহণের জন্য তাদের সঠিক ও বিজ্ঞানসম্মত তথ্যের অ্যাক্সেস পাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ, বিশেষ করে যখন আমরা কমিউনিটির অভ্যন্তরে ও কমিউনিটির সঙ্গে স্বাস্থ্য ও সুস্থতাকে এগিয়ে নেয়ার জন্য কাজ করছি। এসব বিষয়ে তার অব্যাহত সতর্কতা অবলম্বন এবং আমাদের কমিউনিটিকে প্রয়োজনীয় সংস্থানগুলো প্রদানের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

হিস্প্যানিক ফেডারেশন (Hispanic Federation) এর প্রেসিডেন্ট ও CEO, ফ্র্যাঙ্কি মিরান্ডা বলেন, "#GetTheVaxFacts ক্যাম্পেইন এমন সময়ে এসেছে যখন নতুন উপযুক্ত বয়স ও বুস্টার শট সম্পর্কে অনেক প্রশ্ন উত্থাপন করা হচ্ছে। কোভিড-19 এর বিরুদ্ধে আমাদের লড়াইয়ে সবচেয়ে সেরা হাতিয়ার হলো টিকা এবং এই জীবন রক্ষাকারী সরঞ্জাম সম্পর্কে সব নিউ ইয়র্কবাসীর কাছে ভাষাগতভাবে উপযুক্ত, সত্য, নির্ভরযোগ্য তথ্য উপস্থাপন করা অত্যন্ত

গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্কবাসীরা যাতে নিজেদের ও তাদের পরিবারের জন্য সবচেয়ে স্বাস্থ্যকর, অবহিত সিদ্ধান্ত গ্রহণ করতে পারে তা নিশ্চিত করার উদ্দেশ্যে #GetTheVaxFacts ক্যাম্পেইন তৈরি করা ও চালু করার ক্ষেত্রে গভর্নর হোকলের নেতৃত্বকে আমরা সাধুবাদ জানাই।"

এশিয়ান আমেরিকান ফেডারেশন (Asian American Federation) এর এক্সিকিউটিভ ডিরেক্টর জোন-অ্যান ইউ বলেন, "গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে ভুল তথ্যের বিরুদ্ধে লড়াই করার দায়িত্ব গ্রহণ করছেন এবং সেজন্য আমরা কৃতজ্ঞ। আমাদের কমিউনিটির সদস্যরা যাতে বাস্তব তথ্য ও প্রমাণিত বিজ্ঞানের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করার মাধ্যমে নিজেদের ক্ষতি থেকে রক্ষা করেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, বিশেষ করে একটি বৈশ্বিক মহামারীর মধ্য দিয়ে আমাদের এগিয়ে যাওয়ার এই সময়ে। আমরা এই উদ্যোগকে সমর্থন করি এবং নিজেদের ভাষার সংস্থানগুলোতে এগুলো শেয়ার করার প্রত্যাশা রাখি।"

নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন (New York Immigration Coalition) এর এক্সিকিউটিভ ডিরেক্টর, মুরাদ আওয়াদেহ বলেন, "কোভিড-19 এর বিরুদ্ধে আমাদের লড়াইয়ের পুরো সময়জুড়ে নিউ ইয়র্কবাসীরা নিজেদেরকে শক্তিশালী ও সহিষ্ণু হিসেবে প্রমাণ করেছেন। এখন সময় এসেছে এটা নিশ্চিত করার যাতে সামনের সময়গুলোতে তাদের পরিবার ও কমিউনিটির স্বাস্থ্য ও সুস্থতা নিশ্চিত করতে প্রত্যেক নিউ ইয়র্কবাসী সঠিক ও যাচাইযোগ্য তথ্যের অ্যাক্সেস পেতে পারেন। এই ক্যাম্পেইন লোকজনকে মিথ্যা ধারণার মুখোশ উন্মোচন করার জন্য এবং তাদের পরিবারকে টিকা সংক্রান্ত ভুল তথ্য থেকে নিরাপদ রাখতে তাদের প্রয়োজনীয় প্রকৃত তথ্য সহজে খুঁজে নেয়ার সুযোগ করে দেয়। নিউ ইয়র্ক স্টেটের পক্ষে এই পদক্ষেপ গ্রহণ করায় আমরা গভর্নর হোকলের প্রশংসা করি।"

অ্যাপিচা কমিউনিটি হেলথ সেন্টারের (Apicha Community Health Center) CEO থেরেস রডরিগেজ বলেন, "ভুল তথ্য নিজেই একটি মহামারী। এমন মহামারী যা মানুষকে তাদের সুস্থতার জন্য ফলপ্রসূ সিদ্ধান্ত নেয়ার জন্য প্রকৃত তথ্য অ্যাক্সেস করা থেকে বিরত রাখে। আমাদের কমিউনিটিতে অনেকেই আছেন যাদের ইংরেজি ভাষার দক্ষতা সীমিত এবং তারা পরিবার, বন্ধু-বান্ধব, ও তাদের নিজদেশে জনপ্রিয় ডিজিটাল সোশ্যাল নেটওয়ার্কগুলোর ছড়িয়ে দেয়া ভুল তথ্য দ্বারা প্রভাবিত হয়ে পড়েন। এসব কমিউনিটিতে দীর্ঘস্থায়ী, মজবুত সংযোগ ও যোগাযোগ গড়ে তোলার জন্য আমাদেরকে দেয়া সংস্থানগুলো শুধু কোভিড-19 সংক্রান্ত ভুল তথ্যের মোকাবেলার ক্ষেত্রেই গুরুত্বপূর্ণ নয়, বরং সামগ্রিক স্বাস্থ্যের উন্নতির জন্যেও গুরুত্বপূর্ণ। এই ভালো সরকারি নীতির জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করি যা এই ক্ষতিকর তথ্য ছড়িয়ে পড়ার বিরুদ্ধে লড়াই করার জন্য পদক্ষেপ গ্রহণ করছে।"

চার্লস বি. ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার (Charles B. Wang Community Health Center) এর CEO কৌশল চ্যাল্লা বলেন, "যখন টিকার কথা আসে, তখন নিজেদের ও তাদের প্রিয়জনদের সম্পর্কে সেরা সিদ্ধান্ত গ্রহণ করতে নিউ ইয়র্কবাসীদের প্রকৃত, বিজ্ঞানসম্মত বাস্তব তথ্যের অ্যাক্সেস প্রয়োজন। স্টেটের পক্ষ থেকে আয়োজিত #GetTheVaxFacts কর্মসূচি সংস্থানসমূহ প্রদান করে এবং ক্ষতিকর ভুল তথ্যের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করে। এই প্রচেষ্টা এই স্টেটকে কোভিড-19 এর বিরুদ্ধে অগ্রযাত্রা অব্যাহত রাখার সুযোগ করে দিবে।"

নিউ ইয়র্ক স্টেটের #GetTheVaxFacts ক্যাম্পেইন সম্পর্কে আরো তথ্যের জন্য নিউ ইয়র্কবাসীরা এখানে নতুন ওয়েবসাইটে, FAQ-এর জন্য সুনির্দিষ্ট পেইজে এখানে ভিজিট করতে পারেন, এবং টুলকিট ও সংস্থানগুলো এখান থেকে ডাউনলোড করতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন